

একাদশ অধ্যায়: আবহাওয়া ও জলবায়ু

প্রশ্ন-১. শহীদদের বাড়ি কালবৈশাখী ঝড়ে ধ্বংস হলো। এ ঝড় সর্বোচ্চ কত কিলোমিটার এলাকা পর্যন্ত বিস্তৃত হতে পারে?

উত্তর: কালবৈশাখী ঝড় সর্বোচ্চ ২০ কিলোমিটার এলাকা পর্যন্ত বিস্তৃত হতে পারে।

প্রশ্ন-২. আমাদের দেশে আমরা কোন সময় কালবৈশাখী দেখতে পাই?

উত্তর: আমাদের দেশে আমরা সাধারণত চৈত্রের শেষে ও বৈশাখ মাসে বিকেলের দিকে কালবৈশাখী দেখতে পায়।

প্রশ্ন-৩. আবহাওয়া পরিবর্তনের দুইটি নিয়ামকের নাম লেখ।

উত্তর: আবহাওয়া পরিবর্তনের দুইটি নিয়ামকের নাম হলো—

i. জলীয় বাষ্প ও ii. সূর্যের তাপ।

প্রশ্ন-৪. বাংলাদেশে দুইটি প্রাকৃতিক দুর্যোগের নাম লেখ।

উত্তর: বাংলাদেশের দুইটি প্রাকৃতিক দুর্যোগের নাম হলো—

i. ঘূর্ণিঝড় ও ii. কালবৈশাখী।

প্রশ্ন-৫. শীতকালে মৌসুমী বায়ু কোন দিক থেকে প্রবাহিত হয়?

উত্তর: শীতকালে মৌসুমী বায়ু উত্তর পূর্ব দিক থেকে প্রবাহিত হয়।

প্রশ্ন-৬. সামান্যদের এলাকায় কয়েকদিন ধরে কনকনে শীত পড়ছে। এ ধরনের পরিস্থিতিকে কী বলে?

উত্তর: শীতকালে তাপমাত্রা অস্বাভাবিকভাবে কমে গেলে তাকে শৈত্যপ্রবাহ বলে।

প্রশ্ন-৭. আবহাওয়া কী?

উত্তর: কোনো নির্দিষ্ট সময়ে কোনো নির্দিষ্ট স্থানের আকাশ ও বতুর সাময়িক অবস্থাকে আবহাওয়া বলে।

প্রশ্ন-৮. নিম্নচাপ কী?

উত্তর: কোনো স্থানের তাপমাত্রা বেশি হলে বায়ু হালকা হয়ে উপরে দিকে উঠে যায়, ফলে সেখানে বায়ুচাপ কমে যায়। একে নিম্নচাপ বলে।

প্রশ্ন-৯. বাংলাদেশে দুইটি প্রাকৃতিক দুর্যোগের নাম লেখ।

উত্তর: বাংলাদেশের দুইটি প্রাকৃতিক দুর্যোগের নাম হলো—

i. ঘূর্ণিঝড় ও ii. কালবৈশাখী।

প্রশ্ন-১০. টর্নেডো কী?

উত্তর: টর্নেডো হলো সরু, ফানেল আকৃতির ঘূর্ণায়মান শক্তিশালী বায়ু প্রবাহ।